

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
শরণখোলা, বাগেরহাট  
unosarankhola.bagerhat.gov.bd  
উপজেলা আইসিটি কমিটি সভার কার্যবিবরণী


সভাপতিঃ মোঃ জাহিদুল ইসলাম  
উপজেলা নির্বাহী অফিসার  
শরণখোলা, বাগেরহাট।  
তারিখঃ ২৫ জানুয়ারি, ২০২৪ খ্রি.  
সময়ঃ সকাল ১০:০০ টা  
স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলোঃ

শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। অতঃপর সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

অলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১। উপজেলার সকল দপ্তর ও সকল ইউনিয়নের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করা প্রয়োজন। উপজেলার যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ডায়নামিক ওয়েবসাইট খোলা হয়েছে তা বর্তমান সময়ে প্রতিনিয়ত হালনাগাদ করা জরুরী হয়ে পড়েছে।	উপজেলার সকল দপ্তর ও সকল ইউনিয়নের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানে ডায়নামিক ওয়েবসাইট প্রতিনিয়ত হালনাগাদ করতে হবে।	১) উপজেলার সংশ্লিষ্ট দপ্তর, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), শরণখোলা; ২) উপজেলার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল);
২। সভায় উপজেলার সহকারী প্রোগ্রামার জানান যে জনগনের মাঝে নিরাপদ ইন্টারনেট ও তথ্য প্রযুক্তি ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন।	প্রত্যেকটি স্কুল, কলেজ, মাদ্রাসা তথা শিক্ষাপ্রতিষ্ঠানের ক্লাসে ক্লাসে ছাত্র-ছাত্রীদের মাঝে নিরাপদ ইন্টারনেট ও তথ্য প্রযুক্তি ব্যবহার বিষয়ে আলোচনার মাধ্যমে সচেতনতা সৃষ্টি করতে হবে।	১) উপজেলা শিক্ষা অফিসার, ২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ৩) উপজেলার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল)
৩। প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ মাল্টিমিডিয়া ক্লাসরুমের মাধ্যমে পাঠদান নিশ্চিত করা জরুরী হয়ে পড়েছে। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়ার ব্যবস্থা নেই তারা নিজস্ব উদ্যোগে মাল্টিমিডিয়ার ব্যবস্থা করবেন।	প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ মাল্টিমিডিয়া ক্লাসরুমের মাধ্যমে পাঠদান নিশ্চিত করতে হবে। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়ার ব্যবস্থা নেই তারা নিজস্ব উদ্যোগে মাল্টিমিডিয়ার ব্যবস্থা করবেন।	১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ২) উপজেলা একাডেমিক সুপারভাইজার, ৩) উপজেলার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল)
৪। কম্পিউটার ল্যাব পরিদর্শন	কম্পিউটার ল্যাবগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে।	সহকারী প্রোগ্রামার
৫। সাইবার সচেতনতা বিষয়ক সেমিনার আয়োজন	উপজেলার বিভিন্ন দপ্তর প্রধানদের নিয়ে সাইবার সচেতনতা বিষয়ক সেমিনার আয়োজন করতে হবে।	সহকারী প্রোগ্রামার

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করা হয়।

  
(মোঃ জাহিদুল ইসলাম)

সভাপতি  
উপজেলা আইসিটি কমিটি  
ও  
উপজেলা নির্বাহী অফিসার  
শরণখোলা, বাগেরহাট।

তারিখঃ ২৫/০১/২০২৪ খ্রি.

স্মারক নং-৫৬.০৪.০১৭৭.০০০.০৮.০২১.২২- ২৭


অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। জেলা প্রশাসক, বাগেরহাট।

০২। উপজেলা.....কর্মকর্তা (সকল), শরণখোলা, বাগেরহাট।

০৩। জনাব.....শরণখোলা, বাগেরহাট।

০৪। অফিস কপি।

  
উপজেলা নির্বাহী অফিসার  
শরণখোলা, বাগেরহাট